



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
(বারটান)
পুষ্টি শিক্ষা শাখা
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা
www.birtan.gov.bd

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০৭.২৯.০০৪.২০-৫৮০

তারিখ: ৮ চৈত্র ১৪২৭

২২ মার্চ ২০২১

বিষয়: তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীকে বারটান কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কার্যক্রম-এ অন্তর্ভুক্ত প্রসংগে।

সূত্র: স্মারক নং-৩২.০২.০০০০.২০৫.১৩০.১৯-২০৬৮, তারিখ: ০৯ মার্চ ২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নায়ী “তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)”-এর আওতায় সারাদেশের ৪৯০টি উপজেলায় প্রতিষ্ঠিত তথ্যকেন্দ্রের মাধ্যমে প্রকল্প মেয়াদে তথ্যপ্রযুক্তি সম্পর্কে ০১ (এক) কোটি গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণ এবং তথ্যপ্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানে প্রকল্পে নিয়োজিত তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীগণ উঠান বৈঠকের মাধ্যমে গ্রামীণ মহিলাদের বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। বারটান কর্তৃক দেশের জনগণের পুষ্টির স্তর উন্নয়নের জন্য মাঠ পর্যায়ে কর্মরত সম্প্রসারণ কর্মী, এসএএও, মৎস্য, প্রাণিসম্পদ ও স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক (বিজ্ঞান বিভাগের), ইমাম, পুরোহিত, ইউপি সদস্য ও এনজিও কর্মী এবং কিষাণ-কিষাণী প্রভৃতি ক্যাটাগরীতে ০৩ (তিন) দিনব্যাপী খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

০২। বারটান কর্তৃক আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক প্রশিক্ষণে উক্ত প্রকল্পের “তথ্য আপা” নামে পরিচিত তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীকে প্রশিক্ষণার্থী হিসেবে অন্তর্ভুক্ত করলে, তাঁদের মাধ্যমে দেশের প্রায় ০১ (এক) কোটি গ্রামীণ মহিলাদের নিকট খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক জ্ঞান পৌঁছে দেওয়া সম্ভবপর হবে এবং প্রান্তিক জনগণের মাঝে পুষ্টিবর্তা বিস্তার কার্যক্রম ফলপ্রসূ হবে। সে লক্ষ্যে বারটান প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়-এ অনুষ্ঠিত ০৩ (তিন) দিনের প্রশিক্ষণের প্রতিটি ব্যাচে ৩-৪ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীকে প্রশিক্ষণার্থী হিসেবে সুযোগ প্রদানের নিমিত্ত “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)”-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) অনুরোধ করেছেন।

০৩। এমতাবস্থায়, বারটান কর্তৃক আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমের প্রতি ব্যাচে ৩-৪ জন তথ্যসেবা কর্মকর্তা বা তথ্যসেবা সহকারীকে প্রশিক্ষণার্থী হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

২২-৩-২০২১

মোঃ খোরশেদ আলম এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)

বিতরণ :


- ১) অধ্যক্ষ, বারটান প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বারটান আঞ্চলিক কার্যালয়-
নোয়াখালী/বরিশাল/সুনামগঞ্জ/নেত্রকোনা/সিরাজগঞ্জ/ঝিনাইদহ/রংপুর।

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০৭.২৯.০০৪.২০-৫৮০/১(৭)

তারিখ: ৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

অনুলিপি (সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়), জাতীয় মহিলা সংস্থা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ৬) নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা [নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৭) অফিস কপি/সংশ্লিষ্ট নথি, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।



২২-৩-২০২১

মোঃ খোরশেদ আলম এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)